

সন্ধ্যা-আকাশে স্বর্ণ-আলোক
পড়িবে ঢাকা।

শুধু ভাসে তব দেহসৌরভ,
শুধু কানে আসে জলকলরব,
গায়ে উড়ে পড়ে বায়ুভরে তব
কেশের রাশি।

বিকল হৃদয় বিবশ শরীর
ডাকিয়া তোমারে কহিব অধীর,
'কোথা আছ, ওগো, করহ পরশ,
নিকটে আসি।'

কহিব না কথা, দেখিতে পাব না
নীরব হাসি।

[অথবা], (খ) পাষণ-কায়া, হায়রে, রাজধানী
মাশুল বিনা স্বদেশে দাও ছেড়ে;
তেজারতির মতন কিছু পুঁজি
সঙ্গে দাও, পাবে দ্বিগুণ ফিরে।

ছাদের পরে হেথাও চাঁদ ওঠে—
দ্বারের ফাঁকে দেখতে পাই যেন
আসছে লাঠি উঁচিয়ে পেশোয়ারী
ব্যাকুল খিল সজোরে দিই তুলে।

ইহার মাঝে কখন প্রিয়তম
উধাও; লোকলোচন উঁকি মারে—
সবার মাঝে একলা ফিরি আমি
লেকের কোলে মরণ যেমন ভালো।

ষষ্ঠ পত্র — ২০১০

পূর্ণমান—১০০

[নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে ১০০ শব্দের মধ্যে উত্তর
দেওয়া বাঞ্ছনীয়

১। (ক) একদিকে গ্রাম-শহরের দ্বন্দ্ব, অন্যদিকে মানবমনের বিচিত্র গতি-প্রকৃতি
— এই দুয়ের অসামান্য চিত্রণ-ই 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসকে সার্থক করে
তুলেছে। আলোচনা করো। ১৫

[অথবা], (খ) 'পরিচিত ও চিরাচরিত প্রণয়-সম্পর্কের বাইরে অবস্থান করে শশী-
কুসুমের সম্পর্ক'। —এই মন্তব্যের আলোকে শশী-কুসুমের সম্পর্কের প্রকৃতি বিশ্লেষণ
করো। ১৫

২। (ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসকে ঐতিহাসিক উপন্যাস বলা যায় কিনা, যুক্তিসহ আলোচনা করো। ১৫

[অথবা], 'অরণ্যের অধিকার' উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির উপযোগিতা বিচার করো। ১৫

৩। (ক) ছোটগল্প হিসেবে 'একরত্নি' গল্পটির সার্থকতা বিচার করো। ১৫

[অথবা], (খ) 'হালদার গোষ্ঠী' গল্পের বনোয়ারী চরিত্রটির মূল্যায়ন করো। ১৫

৪। (ক) ইতিহাস ও রোমান্সের অপূর্ব মেলবন্ধন ঘটেছে 'চুয়াচন্দন' গল্পে। — আলোচনা করো। ১৫

[অথবা], 'ভারতবর্ষের জনমানস এবং রাজনৈতিক জগতের ধূর্ততার যে পরিচয় 'চরণদাস এম. এল. এ' গল্পে ফুটে উঠেছে, তা এককথায় অনবদ্য'। — এ বিষয়ে তোমার অভিমত জানাও। ১৫

৫। (ক) একদিকে সামাজিক-অর্থনৈতিক অসহায়তা, অন্যদিকে 'ভদ্রলোক' হওয়ার দায়, রেখা-কাঞ্চনের সংকটকে তীব্রতর করে তুলেছে। — উপরি-উক্ত মন্তব্যের ভিত্তিতে 'অশ্বমেধের ঘোড়া' গল্পটি বিচার করো। ১৫

[অথবা], (খ) 'মতিলাল পাদরী' গল্পটি আসলে মানুষকে ভালবাসার গল্প, মনুষ্যত্বের গল্প। — আলোচনা করো। ১৫

৬। (ক) 'বিন্দু বলিল, লাভ হলো বই কি দাদা! চলে না এলে কি করে বুঝতাম ওখানে ওমনিভাবে থাকা ছাড়া আমার গতি নেই?' — বিন্দু কে? সংক্ষেপে উদ্ধৃত উক্তিটি ব্যাখ্যা করো। ১+৪

[অথবা], 'শশীর অবিশ্বাস যাদব টের পান। শশীকে জয় করিবার জন্য তাঁর এত বেশি আগ্রহের কারণও বোধ হয় তাই।' — যাদবের পরিচয় দাও। কোন বিষয়ে শশীর অবিশ্বাসের কথা বলা হয়েছে? শশী অবিশ্বাস করে কেন? ২+১+২

(খ) 'মুণ্ডাদের অরণ্যে অধিকার চাই, সেই আদিম যুগের মত।' — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

[অথবা], 'মুণ্ডারী মা জানে, আট বছরের ছেলে গাইচরী করে হোক, বা কোন দিকুর খামারে ঝাঁটপাট দেবার কাজ করে হোক, পেটের ঘাটো যোগাড় করে নেয়।' — 'গাইচরী' ও 'ঘাটো' শব্দের অর্থ কী? উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য সংক্ষেপে লেখো। ২+৩

(গ) 'প্রকৃতি যেন তাহার ভাষায় অভাব পূরণ করিয়া দেয়, যেন তাহার হইয়া কথা কয়।' — কার কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

[অথবা], 'তিনি উত্তর করিতে পারিলেন না, নীরবে আমার মুখের দিকে চাহিলেন। তখন তাঁহার কণ্ঠরোধ হইয়াছে।' — কোন গল্পের অংশ? কার কণ্ঠরোধ হয়েছে? কণ্ঠরোধ হওয়ার কারণ কী? ১+১+৩

(ঘ) 'মা, না জেনে তোমার ওপর অত্যন্ত অন্যায় আমি করেছিলাম, আজ তারই শাস্তি আমাকে নিতে হবে।'—কে, কী অন্যায় করেছিল? শাস্তিটি কী ছিল? ১+১+৩ [অথবা], 'সেদিন অনেকদিন পরে ভাল সিগারেট টেনেছিল সুব্রত। কিন্তু ঠিক যেন আগের মত স্বাদ নেই'—কোন গল্পের অংশ? উক্তিটির তাৎপর্য সংক্ষেপে বিশ্লেষণ করো। ১+৪

(ঙ) 'দেশের পুরো অতীতটা পাচা—নির্মম সার্জারি না চালালে নতুন রক্ত সঞ্চালিত হবে না।' উক্তিটির মাধ্যমে বক্তার যে মনোভাব প্রকাশিত হয়েছে, সংক্ষেপে তার পরিচয় দাও। ৫

[অথবা], 'ওস্তাদ ছেলে। পৌত্তলিক হবার পর নিজের দেবতাও বেছে নিয়েছ এমন এক দাড়িওয়ালাকে, যে কলমা পড়ে।'—কে, কাকে বলেছে? 'দাড়িওয়ালার' বলতে কাকে বোঝানো হয়েছে? উক্তিটি মধ্যে দিয়ে কোন জাতীয় মনোভাব প্রকাশিত হয়েছে? ১+১+১+২

সপ্তম পত্র — ২০১০

পূর্ণমান—১০০

[নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ ও ১০ নম্বরের প্রশ্নে ২০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে ১০০ শব্দের মধ্যে উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ভ্রমণ সাহিত্যের প্রধান লক্ষণগুলি উল্লেখ করো। একটি উপযুক্ত ভ্রমণ কাহিনি অনুসরণে এই লক্ষণগুলি স্পষ্ট করো। ৩+৭

(খ) রম্যরচনা কোন্ কোন্ গুণে রমণীয় হয়ে ওঠে? বাংলা সাহিত্যে একটি সফল রম্যরচনা বিশ্লেষণের মাধ্যমে এই সংক্রপটির লক্ষণ সম্পর্কে লেখো। ৩+৭

(গ) একালের সাহিত্য সমালোচনার যে কোনো দুটি পদ্ধতি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

(ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও : (দুটি) ৫+৫

(অ) পত্র সাহিত্য (আ) ডায়েরী (ই) ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধ।

২। (ক) বঙ্কিমচন্দ্রের 'আমার মন' প্রবন্ধটির আপাত লঘু ভাষাটি জীবনের সত্যানুসন্ধানের একটি প্রধান উপায়। — রচনাটি অবলম্বনে আলোচনা করো। ১৫ [অথবা], 'কমলাকান্তের দপ্তর' কোন্ জাতীয় রচনা তা পাঠ্য প্রবন্ধগুলি অনুসরণে লেখো। ১৫

৩। (ক) 'ছিন্নপত্র' গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কেমনভাবে ধরা পড়েছে তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো। ১৫

[অথবা], (খ) 'ছিন্নপত্র' পর্বে দৃষ্টি এবং হৃদয় দিয়ে যে অর্জন, তা-ই শিল্পরূপ নিয়ে অভিব্যক্ত হয়েছে রবীন্দ্রনাথের ছোটগল্পগুলিতে। — আলোচনা করো। ১৫

৪। (ক) 'যে দেশে বহু ধর্ম বহু ভাষা' প্রবন্ধে বহু ভাষা ও সম্প্রদায়ে বিভক্ত